কুমিল্লা বোর্ড ২০১৬

হিসাববিজ্ঞান : প্রথম পত্র

বিষয় কোড: ২৫৩

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল | পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। ক বিভাগ থেকে দুইটি এবং খ বিভাগ থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]

ক বিভাগ

১.▶২০১৫ সালের রিমিন এন্টারপ্রাইজের রেওয়ামিল ও অন্যান্য তথ্য নিম্নে উপস্থাপন করা হলো:

রিমিন এন্টারপ্রাইজ
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৫

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
হাতে নগদ	১৭,০০০	
ব্যাংকে জমা	৩,৫০০	
দালানকোঠা	৪২,০০০	
আসবাবপত্র	২৩,০০০	
অগ্রিম বিমা	৩,০০০	
সাপ্লাইজ	৪,৫০০	
অনুপার্জিত সেবা আয়		৭,০০০
বেতন	১৮,০০০	
বিজ্ঞাপন	৬,৫০০	
মূলধন		৮০,০০০
উত্তোলন	৫,০০০	
সেবা আয়		৩৮,০০০
উপযোগ খরচ	২,৫০০	
	১,২৫,০০০	১,২৫,০০০

অন্যান্য তথ্য : ১. অগ্রিম বিমা ২ বছরের জন্য পরিশোধ করা হয়েছে। ২. অনুপার্জিত সেবা আয়ের ৪,০০০ টাকা অর্জিত হয়েছে। ৩. মূলধনের সুদ বকেয়া রয়েছে ১,২০০ টাকা। ৪. জনাব রিমিন ৫,০০০ টাকা অতিরিক্ত মূলধন হিসেবে আনয়ন করলেও তা হিসাবে লেখা হয় নাই। ৫. সাপ্লাইজের ২,০০০ টাকা এখনও অব্যবহৃত রয়েছে। ৬. দালানকোঠার ওপর $৭\frac{১}{২}\%$ এবং আসবাবপত্রের ওপর ৫% অবচয় ধার্য করো।

ক. বছর শেষে চলতি দায়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. বছর শেষে আয় বিবরণী তৈরি করো। ৪

গ. ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের মোট সম্পদের পরিমাণ নির্ণয় করো। ৪

২.▶রফিক এন্ড কোং-এর ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে রেওয়ামিল ও অন্যান্য তথ্য নিম্নে দেয়া হলো:

রফিক এন্ড কোং
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৫

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
ক্রয়	৪০,০০০	
বিক্রয়		৫৬,০০০
মূলধন		৭০,০০০
দেনাদার ও পাওনাদার	২০,০০০	২০,০০০
বিজ্ঞাপন খরচ	৫,০০০	
প্রারম্ভিক মজুদ পণ্য	২০,০০০	
বেতন	১৬,০০০	
আসবাবপত্র	৩০,০০০	
হাতে নগদ	১০,০০০	
ব্যাংক জমা	৫,০০০	
	১,৪৬,০০০	১,৪৬,০০০

অন্যান্য তথ্য: ১. সমাপনী মজুদ পণ্য ৩৫,০০০ টাকা কিন্তু বাজারমূল্য ৪০,০০০ টাকা। ২. বেতন ৩,০০০ টাকা অগ্রিম প্রদত্ত হয়েছে। ৩. বিজ্ঞাপন বাবদ ২,০০০ টাকা বকেয়া রয়েছে। ৪. আসবাবপত্রের ওপর ১০% অবচয় ধার্য করতে হবে।

ক. মোট মুনাফা নির্ণয় করো। ২

খ. মোট মুনাফা ৩১,০০০ টাকা ধরে নিট মুনাফা নির্ণয় করো। ৪

গ. নিট মুনাফা ৮,০০০ টাকা ধরে ৩১-১২-২০১৫ তারিখের জন্য আর্থিক অবস্থার বিবরণী তৈরি করো। ৪

খ বিভাগ

৩.▶২০১৫ সালের জুন মাসে সুবাত ট্রেডার্সের লেনদেনসমূহ নিম্নরূপ:

জুন ১ ১,০০,০০০ টাকা নগদ; ২,৫০,০০০ টাকার সরঞ্জাম ও ১,৮০,০০০ টাকার যন্ত্রপাতি নিয়ে ব্যবসায় শুরু করেন।

" ৭ আলাপী কোং-এর নিকট বিক্রয় ৭০,০০০ টাকা। কারবারি বাট্টা ১০%। চালান নং— ১০০।

" ১০ গোলাপী কোং-এর নিকট ২/১০, N/৩০ শর্তে বিক্রয় ৮০,০০০ টাকা। চালান নং— ১০১।

" ১৫ শেফালী কোং-এর নিকট ধারে বিক্রয় ৫০,০০০ টাকা। শর্ত ১/৫, N/১০। চালান নং— ১০২।

" ১৭ আলাপী কোং-এর নিকট হতে ৩% বাট্টায় সমুদয় অর্থ পাওয়া গেল।

" ১৮ নগদে পণ্য বিক্রয় ৩,০০,০০০ টাকা।

" ২০ গোলাপী কোং-এর নিকট হতে পূর্ণ নিষ্পত্তিতে সমুদয় অর্থ পাওয়া গেল।

" ২৪ শেফালী কোং-এর নিকট প্রাপ্য পাওনা অর্ধেক পাওয়া গেল।

" ৩০ লভ্যাংশ প্রাপ্তি ১০,০০০ টাকা।

ক. জুন ১ তারিখের আর্থিক ঘটনাসমূহ ব্যাখ্যাসহ সাধারণ জাবেদায় লিপিবদ্ধ করো। ২

খ. নিম্নোক্ত কলামসমূহ ব্যবহার করে একটি 'নগদ প্রাপ্তি জাবেদা' প্রস্তুত করো। কলামসমূহ: নগদান হিসাব— ডে.; বিক্রয় বাট্টা— ডে.; বিক্রয় হিসাব— ক্রে.; প্রাপ্য হিসাব— ক্রে.; অন্যান্য হিসাব— ক্রে.। ৪

গ. একটি একঘরা 'বিক্রয় জাবেদা' প্রস্তুত করো। ৪

৪.▶২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে জনাব রাজু-এর হিসাব বই হতে নিম্নোক্ত তথ্যাবলি নেয়া হয়েছে:

১. ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে নগদান বই মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্ত ৬০,০০০ টাকা।

২. ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ এবং ধার্যকৃত চার্জ যথাক্রমে ৫০০ ও ১,৫০০ টাকা ২০১৫ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত নগদানভুক্ত হয়নি।

৩. ব্যাংক সরাসরি দেনাদারের নিকট হতে ১,৫০০ টাকা আদায় করেছে কিন্তু নগদান বইতে লিপিবদ্ধ করা হয়নি।

৪. গ্যাস বিল, বিদ্যুৎ বিল বাবদ ব্যাংক সরাসরি ১,২০০ টাকা পরিশোধ করেছে কিন্তু নগদান বইতে হিসাবভুক্ত হয়নি।

৫. আদায়ের জন্য জমাকৃত ১৫,০০০ টাকার চেকের মধ্যে ব্যাংক ৫,০০০ টাকার চেক আদায় করেছে।

ক. উপরের (৩) ও (৪) নং লেনদেনের ফলে ব্যাংক পাস বহির উদ্বৃত্ত নিট কত বৃদ্ধি বা হ্রাস পাবে তা নির্ণয় করো। ২

খ. যে সকল লেনদেন নগদান বইতে লেখা হয়নি তার জাবেদা দাখিলা দাও। ৪

গ. ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের ব্যাংক সমন্বয় ।ববরণী তৈরি করো। ৪

৫.▶রোমাঞ্চ ট্রেডার্সের ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ানের উদ্বৃত্তগুলো নিম্নে দেয়া হলো:

হিসাবের নাম	টাকা
মূলধন	১,৬০,০০০
ইজারা সম্পত্তি (১০ বছরের জন্য)	৮০,০০০

হিসাবের নাম	টাকা
সমাপনী মজুদ পণ্য	৪৮,০০০
খুচরা যন্ত্রাংশ	১০,০০০
হাতে নগদ	৭০,০০০
ব্যাংক জমা	৮৭,৫০০
পণ্য ক্রয়	১,৪৬,৫০০
মজুরি	১০,০০০
বেতন	১২,০০০
পণ্য বিক্রয়	২,৯১,০০০
ভাড়া	১৭,০০০
বিজ্ঞাপন	১০,০০০
ক্রয় পরিবহন	৩,০০০
বিক্রয় পরিবহন	৪,০০০
অনাদায়ী পাওনা	১,০০০

ক. চলতি সম্পদের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ২০১৫ সালের জন্য মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. ৩১ ডিসেম্বর, ২০১৫ তারিখের রেওয়ামিল তৈরি করো। ৪

৬.▶মেসার্স রূপসা ট্রেডার্স-এর এপ্রিল ২০১৫ মাসের খুচরা নগদান সংক্রান্ত লেনদেনগুলো নিম্নরূপ:

২০১৫			টাকা
এপ্রিল	১	খুচরা নগদ উদ্বৃত্ত	২৫০
"	১	প্রধান ক্যাশিয়ার থেকে পূর্ববর্তী মাসের ব্যয় বাবদ প্রাপ্তি	৫০০
"	২	প্রচারের উদ্দেশ্যে পণ্য বিতরণ	১,২৫০
"	৬	কাগজ ও কলম ক্রয়	১১৫
"	৯	রিকশা ভাড়া প্রদান	৫০
"	১২	ধারে অফিস সরঞ্জাম ক্রয়	১,৩৭৫
"	১৪	ইন্টারনেট বাবদ ব্যয়	১০০
"	১৮	বাস ভাড়া পরিশোধ	৪০
"	২১	পুরাতন খবরের কাগজ বিক্রয়	২৮০
"	২৩	ডাক খরচ প্রদান	৪৫
"	২৫	মনিহারি দ্রব্যাদি ক্রয়	৬৫
"	২৮	পুরাতন আসবাবপত্র বিক্রয়	৬৮০
"	৩০	পিয়নকে বকশিস প্রদান	৫০

ক. খুচরা নগদান বহির্ভূত লেনদেনগুলো লিপিবদ্ধ করো। ২

খ. অগ্রদত্ত পদ্ধতিতে একটি খুচরা নগদান বহি প্রস্তুত করো। ৪

গ. অগ্রদত্ত ব্যয়সমূহের জন্য সংশ্লিষ্ট খতিয়ান হিসাবগুলো প্রস্তুত করো। ৪

৭.▶২০১৫ সালের প্রিন্স রিপেয়ার সার্ভিসের রেওয়ামিল এবং সমন্বয়সমূহ নিম্নে প্রদত্ত হলো:

প্রিন্স রিপেয়ার সার্ভিস
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৫

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদ	৩,৮০০	
অগ্রিম বিমা	১,২০০	
রিপেয়ার সাপ্লাইজ	২,০০০	
রিপেয়ার সরঞ্জাম	১৫,০০০	
পুঞ্জীভূত অবচয়		১,০০০
মূলধন		১০,০০০
অনুপার্জিত সেবা আয়		১০,০০০
ভাড়া আয়		১,৫০০
রিপেয়ার সেবা আয়		৩০,০০০
বেতন খরচ	২১,৫০০	
ভাড়া খরচ	৯,০০০	
	৫২,৫০০	৫২,৫০০

সমন্বয়সমূহ: ১. অগ্রিম বিমার ৮০০ মেয়াদ উত্তীর্ণ হয়েছে। ২. রিপেয়ার সরঞ্জামের ওপর ১৪% অবচয় ধার্য করতে হবে। ৩. বকেয়া বেতন ৫০০ টাকা। ৪. অনুপার্জিত আয়ের অর্ধেক চলতি বছরে অর্জিত হয়েছে।

ক. প্রিন্স রিপেয়ার সার্ভিসের নিট আয় নির্ণয় করো। ২
খ. প্রিন্স রিপেয়ার সার্ভিসের সমন্বয় দাখিলা প্রদান করো। ৪
গ. প্রিন্স রিপেয়ার সার্ভিসের দশঘরবিশিষ্ট একটি ওয়ার্কশিট তৈরি করো। ৪

৮.▶ রিফাত কোম্পানির দালানের ক্রয়মূল্য এবং ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখ পর্যন্ত পুঞ্জীভূত অবচয়ের পরিমাণ নিম্নে প্রদত্ত হলো:

হিসাবের নাম	টাকা
দালানের ক্রয়মূল্য	৩০,০০,০০০
বাদ : পুঞ্জীভূত অবচয়	১০,০০,০০০
দালানের বই মূল্য	২০,০০,০০০

সরলরৈখিক পদ্ধতিতে দালানটির বার্ষিক অবচয়ের পরিমাণ ১,০০,০০০ টাকা। ২০১৫ সালের ১ জুলাই তারিখে দালানটি ২৫,০০,০০০ টাকায় এমরান কোম্পানির নিকট বিক্রয় করা হয়।

ক. ২০১৫ সালে বিক্রয় পর্যন্ত দালানটির অবচয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. ২০১৫ সালে সংঘটিত লেনদেনের প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ৪
গ. দালান হিসাব এবং পুঞ্জীভূত অবচয় হিসাব তৈরি করো। ৪

৯.▶ বর্ণ এন্ড কোং দুতরফা দাখিলা পদ্ধতি মোতাবেক হিসাব সংরক্ষণ করে না। ২০১৫ সালের ১ জানুয়ারি ব্যবসায়ের আর্থিক অবস্থা ছিল নিম্নরূপ:

পাওনাদার ২০,০০০ টাকা, ভূমি ও দালানকোঠা ৮০,০০০ টাকা, মজুদ পণ্য ৩০,০০০ টাকা, দেনাদার ৩০,০০০ টাকা, অফিস সরঞ্জাম ১০,০০০ টাকা, হাতে নগদ ৫,০০০ টাকা।

বর্ণ এন্ড কোং-এর নগদান বই নিম্নরূপ ছিল:

ডে. নগদান বই ক্রে.

বিবরণ	টাকা	বিবরণ	টাকা
ব্যালেন্স বি/ডি	৫,০০০	বেতন	২৪,০০০
দেনাদার	২০,০০০	অন্যান্য খরচ	৬,০০০
নগদ বিক্রয়	৫০,০০০	উত্তোলন	১০,০০০
		পাওনাদার	১৫,০০০

অন্যান্য তথ্য : সমাপনী মজুদ পণ্য ২৫,০০০ টাকা। দেনাদারের সমাপনী উদ্বৃত্ত ৩০,০০০ টাকা এবং পাওনাদারের সমাপনী উদ্বৃত্ত ২০,০০০ টাকা। ভূমি ও দালানকোঠার ওপর ৫% এবং অফিস সরঞ্জামের ওপর ১০% অবচয় ধার্য করতে হবে। অধিকন্তু দেনাদারের ওপর ৫% সন্দেহজনক কু-ঋণ প্রভিশন সৃষ্টি করতে হবে।

ক. বর্ণ এন্ড কোং-এর বছরান্তে হাতে নগদের পরিমাণ নির্ণয় করো। ২

খ. প্রারম্ভিক মূলধন ১,৩৫,০০০ টাকা ধরে বর্ণ এন্ড কোং-এর ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের আয় বিবরণী প্রস্তুত করো। ৪

গ. বর্ণ এন্ড কোং-এর ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

উত্তরমালা

১. ক. বছর শেষে চলতি দায়ের পরিমাণ ৩,০০০ টাকা। খ. নিট আয় ৫,৫০০ টাকা। গ. মোট সম্পদের পরিমাণ ৮৯,৭০০ টাকা।

২. ক. মোট মুনাফা ৩১,০০০ টাকা। খ. নিট মুনাফা ৮,০০০ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১,০০,০০০ টাকা।

৩. ক. জাবেদার যোগফল ৫,৩০,০০০ টাকা। খ. নগদ প্রাপ্তি জাবেদার যোগফল ৫,৭৮,০০০ টাকা। গ. বিক্রয় জাবেদার যোগফল ১,৯৩,০০০ টাকা।

৪. ক. ব্যাংক পাস বহির উদ্বৃত্তের নিট বৃদ্ধি ৩০০ টাকা। খ. জাবেদার যোগফল ৪,৭০০ টাকা। গ. ব্যাংক বিবরণী মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্ত ৪৯,৩০০ টাকা।

৫. ক. মোট চলতি সম্পদ ২,১৫,৫০০ টাকা। খ. মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ ২,০৩,৫০০ টাকা। গ. রেওয়ামিলের যোগফল ৪,৫১,০০০ টাকা।

৬. খ. খুচরা নগদ উদ্বৃত্ত ৪১০ টাকা।

৭. ক. নিট আয় ২,৬০০ টাকা। খ. সমন্বয় জাবেদার যোগফল ৮,৪০০ টাকা। গ. সমন্বিত রেওয়ামিলের যোগফল ৫৫,১০০ টাকা; নিট আয় ২,৬০০ টাকা; আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২১,২০০ টাকা।

৮. ক. বিক্রয় পর্যন্ত মোট অবচয়ের পরিমাণ ১০,৫০,০০০ টাকা। খ. জাবেদার যোগফল ৪২,০০,০০০ টাকা।

৯. ক. বছরান্তে হাতে নগদ ২০,০০০ টাকা। খ. নিট মুনাফা ১৩,৫০০ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১,৫৮,৫০০ টাকা।

সময় — ৪০ মিনিট

বহুনির্বাচনি

পূর্ণমান — ৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি

১. হিসাববিজ্ঞানের কোন ধারণা অনুযায়ী স্থায়ী সম্পদ লিপিবদ্ধ করা হয়?
ক পূর্ণপ্রকাশ খ ঐতিহাসিক মূল্য
গ রক্ষণশীলতা ঘ সামঞ্জস্যতা

২. নগদান বই হলো—
i. জাবেদা
ii. খতিয়ান
iii. জাবেদা ও খতিয়ান উভয়ই
নিচের কোনটি সঠিক?
ক i খ iii গ i ও ii ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব সোহেল ২০১৪ সালের ১ জানুয়ারি তারিখে ৮০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করেন। উক্ত মেশিনের সংস্থাপন ব্যয় ২০,০০০ টাকা। মেশিনের অবচয়ের হার ১০%।

৩. জনাব সোহেল কর্তৃক নগদে মেশিন ক্রয় ও সংস্থাপন ব্যয়ের লিপিবদ্ধ করলে—
i. মেশিন হিসাব ডেবিট
ii. সংস্থাপন ব্যয় হিসাব ডেবিট
iii. নগদান হিসাব ক্রেডিট
নিচের কোনটি সঠিক?
ক i খ ii গ i ও iii ঘ i, ii ও iii

৪. ২০১৫ সালে মেশিনের অবচয় কত টাকা?
ক ২,০০০ খ ৬,০০০
গ ৮,০০০ ঘ ১০,০০০

৫. বিক্রয় ফেরত লিপিবদ্ধ করার জন্য যে দলিল ব্যবহৃত হয় তাকে কী বলে?
ক ডেবিট ভাউচার খ ডেবিট নোট
গ ক্রেডিট ভাউচার ঘ ক্রেডিট নোট

৬. চালানে দেখানো হয় কোনটি?
ক নগদ প্রাপ্তি খ নগদ প্রদান
গ নগদ বাট্টা ঘ কারবারি বাট্টা

৭. সর্বজন স্বীকৃত নীতিমালাসমূহ কী নামে পরিচিত?
ক AICPA খ GAAP
গ FASB ঘ IASB

৮. হিসাবরক্ষণের মূল ভিত্তি কী?
ক ঘটনা খ লেনদেন
গ হিসাব ঘ জাবেদা

৯. ডেবিট দ্বারা কোনটি বোঝায়?
ক সম্পত্তি ও দায় বৃদ্ধি খ সম্পত্তি ও দায় হ্রাস
গ সম্পদ বৃদ্ধি দায় হ্রাস ঘ সম্পদ হ্রাস দায় বৃদ্ধি

১০. সকল লেনদেন ঘটনা, কিন্তু সকল ঘটনা লেনদেন নয়— উক্তিটি কার বৈশিষ্ট্য প্রকাশ করে?
ক জাবেদার খ খতিয়ানের
গ লেনদেনের ঘ ঘটনার

১১. মূলধনের ওপর সুদ ৭,০০০ টাকা। এর জন্য কোন হিসাব ক্রেডিট করতে হবে?
ক নগদান খ মূলধন
গ মূলধনের সুদ ঘ প্রাপ্ত সুদ

১২. খতিয়ানের জের দ্বারা রেওয়ামিল প্রস্তুতের কাজকে কী বলে?
ক স্থানান্তরকরণ খ শ্রেণিবদ্ধকরণ
গ সংক্ষিপ্তকরণ ঘ চিহ্নিতকরণ

১৩. ব্যক্তিগত প্রয়োজনে অর্থ উত্তোলন হিসাব সমীকরণে—
i. A উপাদান হ্রাস পাবে
ii. L উপাদান হ্রাস পাবে
iii. O, E উপাদান হ্রাস পাবে
নিচের কোনটি সঠিক?
ক i খ ii গ i ও ii ঘ i ও iii

১৪. কোথা থেকে ব্যাংক উদ্বৃত্তের সঠিক পরিমাণ জানা যায়?
ক দু'ঘরা নগদান বই থেকে
খ ব্যাংক সমন্বয় বিবরণী থেকে
গ ব্যাংকের জমা রশিদ থেকে
ঘ ব্যাংক বিবরণী থেকে

১৫. দ্বৈত জের সংশোধন পদ্ধতির ব্যাংক সমন্বয় বিবরণী—
i. নগদান বই ও ব্যাংক বিবরণী উভয় উদ্বৃত্ত নিয়ে করা হয়
ii. মিলকরণের পর উভয় উদ্বৃত্ত সমান হয়
iii. ব্যাংকের সঠিক উদ্বৃত্ত পাওয়া যায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও।
৩১ ডিসেম্বর ২০১৫ তারিখে স্বাধীন ট্রেডার্স এর আর্থিক অবস্থার বিবরণীতে মূলধন ৫,০০,০০০ টাকা, ১২% ঋণ ১,০০,০০০ টাকা, ঋণের বকেয়া সুদ ১২,০০০ টাকা, প্রদেয় হিসাব ৪০,০০০ টাকা, অগ্রিম প্রাপ্ত ভাড়া ৪০,০০০ টাকা ও স্থায়ী সম্পদ ৩,০০,০০০ টাকা উল্লেখ আছে।

১৬. বছরান্তে প্রতিষ্ঠানের চলতি দায়ের পরিমাণ কোনটি?
ক ৫২,০০০ টাকা খ ৯২,০০০ টাকা
গ ১,০০,০০০ টাকা ঘ ১,৯২,০০০ টাকা

১৭. বছরান্তে প্রতিষ্ঠানের মোট সম্পদের পরিমাণ কত টাকা?
ক ৫,০০,০০০ টাকা খ ৬,০০,০০০ টাকা
গ ৬,৯২,০০০ টাকা ঘ ৮,০০,০০০ টাকা

১৮. বিক্রয়কারীর নিকট ভ্যাট কোন ধরনের হিসাব?
ক আয় খ দায়
গ সম্পদ ঘ খরচ

১৯. অব্যবহৃত মনিহারি একটি—
i. নামিক হিসাব ii. সম্পত্তিবাচক হিসাব
iii. ব্যক্তিবাচক হিসাব
নিচের কোনটি সঠিক?
ক i খ ii গ iii ঘ i ও iii

২০. প্রারম্ভিক মূলধন ৭০,০০০ টাকা, সমাপনী মূলধন ৯০,০০০ টাকা হলে লাভ-ক্ষতির পরিমাণ কত টাকা?
ক লাভ ২০,০০০ টাকা খ ক্ষতি ২০,০০০ টাকা
গ ক্ষতি ৭০,০০০ টাকা ঘ লাভ ৭০,০০০ টাকা

২১. খতিয়ানে উদ্বৃত্ত নির্ণয়ে ভুল হলে তা কোথায় ধরা পড়ে?
ⓚ চূড়ান্ত হিসাবে ⓚ রেওয়ামিলে
ⓖ দু'তরফা দাখিলা ⓖ একতরফা দাখিলা

২২. মেশিন সংস্থাপন মজুরিকে মজুরি হিসাবে ডেবিট করার ফলে কোন ধরনের ভুল হয়?
ⓚ বাদ পড়ার ভুল ⓚ নীতিগত ভুল
ⓖ পরিপূরক ভুল ⓖ লিখার ভুল

২৩. বিনামূল্যে পণ্য বিতরণ ১০,০০০ টাকা বিশদ আয় বিবরণীতে দেখাতে হবে—
i. ক্রয় হতে বাদ ii. বিক্রয় হতে বাদ
iii. বিজ্ঞাপনের সাথে যোগ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ i ও ii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

২৪. ক্রয় জাবেদায় লিপিবদ্ধ করা হয় কোনটি?
ⓚ নগদে ক্রয় ⓚ ধারে ক্রয়
ⓖ ক্রয়মূল্যে পণ্য বিতরণ
ⓖ সকল প্রকার ক্রয়

উদ্দীপকটি পড়ো এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও।
শ্রেয়ার নিকট হতে ২০,০০০ টাকার পণ্য ১০% বাট্টায় ক্রয় করা হলো। মূল্য বাবদ ১০ দিন পর ৫% বাট্টায় চেকের মাধ্যমে অর্থ পরিশোধ করা হলো।

২৫. ক্রয় হিসাবে ডেবিট হবে কত টাকা?
ⓚ ১৭,১০০ ⓚ ১৮,০০০
ⓖ ১৯,০০০ ⓖ ২১,০০০

২৬. ব্যাংক হিসাবে ক্রেডিট হবে কত টাকা?
ⓚ ১৭,১০০ ⓚ ১৮,০০০
ⓖ ১৯,০০০ ⓖ ২১,০০০

২৭. রেওয়ামিলের ক্রেডিট দিকে বসে কোনটি?
ⓚ শিক্ষানবিশ ভাতা ⓚ বিমা সেলামি
ⓖ পাওনাদারের বাট্টা সঞ্চিতি
ⓖ শিক্ষানবিশ সেলামি

২৮. হিসাববিজ্ঞানের কোন নীতি অনুসারে ব্যবসায় প্রতিষ্ঠানের নামে হিসাব রাখা হয়?
ⓚ ক্রয়মূল্য নীতি ⓚ রক্ষণশীলতার নীতি
ⓖ ব্যবসায়িক সত্তা ⓖ চলমান ব্যবসায়

২৯. অনাদায়ী পাওনা আদায় হলে—
i. প্রাপ্য হিসাব ডেবিট করতে হবে
ii. অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব ক্রেডিট করতে হবে
iii. নগদান হিসাব ডেবিট করতে হবে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ i ও ii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩০. হিসাব চক্রের কোন ধাপটি ঐচ্ছিক?
ⓚ জাবেদা ⓚ খতিয়ান
ⓖ রেওয়ামিল ⓖ কার্যপত্র

৩১. মুনাফা জাতীয় আয় কোনটি?
ⓚ মাল ক্রয় ⓚ মাল বিক্রয়
ⓖ মজুরি ⓖ যন্ত্রপাতি বিক্রয়

উদ্দীপকটি পড়ো এবং ৩২ ও ৩৩ নং প্রশ্নের উত্তর দাও।
মি. ইমরানের ব্যবসয়ে ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ১,০০,০০০ টাকা। এ মূল্যায়নের পরক্ষণে ২৫,০০০ টাকার পণ্য আগুনে বিনষ্ট হয়েছে। বিমা কোম্পনি ২০,০০০ টাকা দাবি পূরণে সম্মত হয়েছে।

৩২. আর্থিক বিবরণীতে অস্বাভাবিক ক্ষতি হিসাবে কত টাকা দেখাতে হবে?
ⓚ ৫,০০০ ⓚ ২০,০০০
ⓖ ২৫,০০০ ⓖ ৭৫,০০০

৩৩. সমাপনী মজুদ পণ্য বাবদ সমন্বয় দাখিলার কত টাকা ডেবিট হবে?
ⓚ ৭৫,০০০ ⓚ ১,০০,০০০
ⓖ ১,২৫,০০০ ⓖ ১,৪৫,০০০

৩৪. নগদ টাকার বিকল্প হিসাবে কাজ করে কোনটি?
ⓚ শেয়ার ⓚ ঋণপত্র
ⓖ স্টক ⓖ চেক

৩৫. সম্পত্তির ভগ্নাবশেষ মূল্য না থাকলে কোন পদ্ধতিতে অবচয় ধার্য করলে আয়ুষ্কাল শেষে সম্পত্তির মূল্য শূন্য হয় না?
ⓚ ক্রমহ্রাসমান জের ⓚ সরলরৈখিক
ⓖ বর্ষ সংখ্যার সমষ্টি ⓖ উৎপাদন

৩৬. অবচয় লিপিবদ্ধকরণের আধুনিক জাবেদা দাখিলা কোনটি?
ⓚ অবচয় হিসাব ডেবিট সম্পত্তি হিসাব ক্রেডিট
ⓚ পুঞ্জীভূত অবচয় হিসাব ডেবিট অবচয় হিসাব ক্রেডিট
ⓖ সম্পত্তি হিসাব ডেবিট অবচয় ব্যয় হিসাব ক্রেডিট
ⓖ অবচয় ব্যয় হিসাব ডেবিট পুঞ্জীভূত অবচয় হিসাব ক্রেডিট

৩৭. বিক্রীত পণ্যের ব্যয় ১৬,০০০ টাকা এবং বিক্রীত পণ্যের ব্যয়ের ওপর ২০% মুনাফা হলে বিক্রয়ের পরিমাণ কত হবে?
ⓚ ১২,৮০০ ⓚ ১৮,৬৬৭
ⓖ ১৯,২০০ ⓖ ২০,০০০

৩৮. মূলধন একটি প্রতিষ্ঠানের কী?
ⓚ সম্পদ ⓚ আয়
ⓖ অন্তঃদায় ⓖ বহিঃদায়

৩৯. প্রত্যেক মাসের প্রথমে উত্তোলন করলে কত মাসের উত্তোলনের সুদ ধরতে হবে?
ⓚ ৫ ⓚ ৫.৫ ⓖ ৬ ⓖ ৬.৫

৪০. অফিস সাপ্লাইজ-এর আওতাভুক্ত হলো—
i. স্টেপলার ii. ক্যালকুলেটর
iii. কম্পিউটার
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

উত্তরমালা	১	খ	২	ঘ	৩	গ	৪	ঘ	৫	ঘ	৬	ক	৭	খ	৮	খ	৯	গ	১০	ঘ	১১	খ	১২	ক	১৩	ঘ	১৪	খ	১৫	ঘ	১৬	ক	১৭	গ	১৮	খ	১৯	ক	২০	ক
	২১	খ	২২	খ	২৩	গ	২৪	খ	২৫	খ	২৬	ক	২৭	ঘ	২৮	গ	২৯	খ	৩০	ঘ	৩১	খ	৩২	ক	৩৩	ক	৩৪	ঘ	৩৫	ক	৩৬	ঘ	৩৭	গ	৩৮	গ	৩৯	ঘ	৪০	ক